# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৬৭

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ অসুস্থ ব্যক্তি যেই দুআ নির্দিষ্ট সংখ্যায় পাঠ করলে রোগ থেকে আরোগ্য লাভ করবে তার বর্ণনা

## ذِكْرُ الشَّيْءِ الَّذِي إِذَا دَعَا الْمَرْءُ بِهِ الْعَلِيلُ عُوفِي مِنْ عَلَتِهِ تِلْكَ إِذَا كَانَ ذَلِكَ بعددٍ معلومٍ

আরবী

2967 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا هَارُونُ بْنُ مَعْرُوفٍ عَنِ ابْنِ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ عَبْدِ رَبِّهِ بْنِ سَعِيدٍ قَالَ: حَدَّثَنِي الْمِنْهَالُ بْنُ عَمْرٍو قَالَ: أَخْبَرَنِي سَعِيدُ بْنُ جُبَيْرٍ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا عَادَ الْمَرِيضَ جَلَسَ عِنْدَ رَأْسِهِ ثُمَّ قَالَ ـ سَبْعَ مَرَّاتٍ ـ: (أَسْأَلُ اللَّهَ الْعَظِيمَ ـ رَبَّ الْعَرْشِ الْعَظِيمِ ـ أَنْ يَشْفِيكَ) فَإِنْ كَانَ فِي أجله تأخير عوفي من وجعه ذلك.

الراوي : ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2967 | خلاصة حكم المحدث: صحيح – ((صحيح أبي داود)) (2719).

বাংলা

২৯৬৭. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোন ব্যক্তিকে দেখতে আসতেন, তখন তিনি সাতবার বলতেন, أسأَلُ اللَّهَ الْعَظِيمَ ـ رَبَّ الْعَرْشِ الْعَظِيمِ ـ أَنْ يَشْفِيكَ (আমি মহান আরশের অধিপতি, সুমহান আল্লাহর কাছে প্রার্থনা করছি, যেন তিনি তোমাকে সুস্থতা দান করেন)।”

অতঃপর যদি তার আয়ুষ্কাল অবশিষ্ট থাকতো, তবে তাকে সেই ব্যথা-বেদনা থেকে নিরাময় দান করা হতো।”[1]

ফুটনোট

[1] হাকিম: ৪/২১৩; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ৫৩৬; মুসনাদ আহমাদ: ১/২৩৯।

আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২৭১৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92297

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন